# 2016

# BENGALI

**(Modern Indian Language)**

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three Hours and *Fifteen Minutes**

***(*15 minutes are given as extra time for reading questions)***

*All questions are compulsory.*

*Marks are indicated against each question.*

## Unit : 1 (Prose)

**'ক' গুচ্ছ : (গদ্যাংশ)**

**১, ২, ৩ নং প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রত্যেক প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।**

১। 'দুধ আমার বাপেরও নয়।' দুধ কার ? ১

(ক) মঙ্গলার।

(খ) প্রসন্নের।

(গ) কমলাকান্তের।

২। 'Jungle Peace' গ্রন্থটির লেখক ১

(ক) William Shakespeare

(খ) William Beebe

(গ) William Smith



৩। নরেশ এম.এ. পাশ করেছিলেন — ১

(ক) সংস্কৃতে

(খ) ইংরেজিতে

(গ) কেমিস্ট্রিতে

৪। পরেশ কার ছেলে ? ১

৫। 'পরোপকারই পরম ধর্ম' — 'বিড়াল' প্রবন্ধে কে এই কথাটি বলেছে ? ১

৬। 'আধ্যাত্মিক মূল্যবোধ' কথাটির ইংরেজি কি? ১

৭। কৈশোরকালের বয়স সীমা কত? ১

৮। 'তুমি যদি ইতিমধ্যে নসীরাম বাবুর ভাণ্ডার ঘরে ধরা না পড়, তবে আমাকে ঠেঙ্গাইয়া মারিও।' — কে কাকে এই কথাগুলি বলেছে? ২

৯। নরেশ ও পরেশ সম্পর্কে বলা হয়েছে — "মনের দিক দিয়া বিচার করিলে দেখা যায় যে, দুইজনেই গোঁড়া।' কে কি বিষয়ে গোঁড়া ছিলেন ? ২

১০। শিশু বিকাশের তৃতীয় স্তরকে কেন বয়ঃসন্ধিকাল বলা হয়? ২

১১। অতি সংক্ষেপে হরিচরণের স্বার্থপরতার পরিচয় দাও। ৩

১২। কাকতালীয় ন্যায় কাকে বলে? ৩

১৩। সামাজিক মূল্যবোধ বলতে কি বুঝ, আলোচনা কর। ৩

১৪। কৈশোরকালের উপযুক্ত শিক্ষা দেবার জন্য ১৯৫২-৫৩ সালে মাধ্যমিক শিক্ষায় কোন তিনটি বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছিল ? ৩

১৫। 'থাক থাম ! মার্জার পণ্ডিত। তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক।' মার্জার পণ্ডিতের সোশিয়ালিস্টিক কথাবার্তার কিছু নমুনা দাও। ৫

## Unit : 2 (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নং প্রশ্নের প্রত্যেকটির **তিনটি** করে উত্তর দেওয়া আছে — ক, খ, গ। প্রত্যেকটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লেখ।

১৬। 'জেন্দাবেস্তা-গ্রন্থসাহেব পড়ে যাও, যত সখ —'
'গ্রন্থসাহেব' — ১

(ক) খ্রিস্টানদের ধর্মগ্রন্থ

(খ) শিখদের ধর্মগ্রন্থ

(গ) হিন্দুদের ধর্মগ্রন্থ

১৭। 'ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায় —'
ইন্দ্রের সভায় নেচেছিল — ১

(ক) মনসা

(খ) বেহুলা

(গ) নেতা

১৮। 'তোমার আসন হতে যেথায় তাদের দিলে ঠেলে।'
কাদের ঠেলে দেওয়া হয়েছে? ১

১৯। 'শাল-সুন্দী'বেত যেনও সকল কাজেই লাগে।'
'শাল-সুন্দী'বেতের সঙ্গে কার তুলনা করা হয়েছে? ১

২০। 'হৃদয়ের ধ্যান-গুহা মাঝে বসিয়া শাক্যমুনি।'
শাক্যমুনি কে? ১

২১। দীনপতিতের ভগবান বলতে কি বুঝ? ২



২২। 'এই রণভূমে বাঁশীর কিশোর গাহিলেন মহাগীতা'।
'এই রণভূমে' বলতে কবি কোন জায়গার কথা বলেছেন? বাঁশীর কিশোরটি কে? ২

২৩। 'আখড়াতে তার বাঁশের লাঠি অনেক মানে মানী',
— 'আখড়া' কি? ২

২৪। তাৎপর্য ব্যাখ্যা কর —
'যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে।' ৩

২৫। 'কোরান-পুরাণ-বেদ-বেদান্ত-বাইবেল-ত্রিপিটক।'
টীকা লিখ ঃ ত্রিপিটক। ৩

২৬। এমনই হিজল-বট-তমালের নীল ছায়া বাংলার
অপরূপ রূপ।'
বাংলার অপরূপ রূপের সংক্ষিপ্ত বর্ণনা দাও — ৩

২৭। 'হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান।'
কে, কাদের, কিরূপ অপমান করেছে, সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

## Unit : 3 (Reading)

### 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর দাও ঃ

ষোড়শ শতকের হিন্দি কবি নাভাজী দাস তার 'ভক্তমাল' গ্রন্থে জয়দেবের স্তুতি করতে গিয়ে বলেছেন, "জয়দেব কবি হলেন রাজচক্রবর্তী অন্য সব কবিরা খণ্ডমণ্ডলেশ্বর (ক্ষুদ্র গোস্বামী)। ত্রিলোকের এই 'গীতগোবিন্দ' সংস্কৃত সাহিত্যে উজ্জ্বল হয়ে রয়েছে।" এই কথাটি ভক্তনত চিত্তের উচ্ছ্বাস বলে মনে হতে পারে। কিন্তু 'গীতগোবিন্দ' রচিত হওয়ার আটশত বৎসর পর 'গীতগোবিন্দ' গ্রন্থটি এখনও উজ্জ্বলতম ব্যতিক্রম। 'গীতগোবিন্দ' কাব্যের বিষয় রাধাকৃষ্ণের বসন্তরাস। গ্রন্থটি সঙ্গীতপ্রধান। কাব্যের অমূল্য সম্পদ গানগুলি গীতি-কবিতার মতো হৃদয়ানুভবের প্রকাশে ঋদ্ধ।

জয়দেবের জীবনবৃত্তান্ত সম্বন্ধে বহু লোকশ্রুতি প্রচলিত থাকলেও সুদৃঢ় প্রমাণের উপর ভিত্তি করে কোন বিস্তারিত আলোচনা পাওয়া যায়নি। চন্দ্রদত্ত প্রণীত সংস্কৃত ভক্তমাল, নাভাজীর হিন্দি ভক্তমাল এবং বীরভূমের বনমালী দাসের জয়দেব চরিতে বহু উপকথা সংগৃহীত হয়েছে।

জয়দেব লক্ষ্মণ সেনের পঞ্চরত্নের অন্যতম ছিলেন। অজয় নদের তীরে বীরভূম জেলার কেন্দুবিল্ব গ্রামে তাঁর জন্ম। জয়দেবের পিতা ভোজদেব, মাতা বামাদেবী, পত্নী পদ্মাবতী। ভক্তমাল এবং অন্যান্য জীবনীগ্রন্থ অনুযায়ী পদ্মাবতী পুরীধামে জগন্নাথ মন্দিরে নৃত্য করতেন এবং জয়দেব বোধহয় নৃত্যগীতের তাল রক্ষা করতেন। তাই 'গীতগোবিন্দে' কবি সংক্ষেপে আত্মপরিচয় দিয়েছেন 'পদ্মাবতী চরণ চারণ চক্রবর্তী'।

জয়দেবের 'গীতগোবিন্দ' নাট-গীতের আকারে লেখা। 'গীতগোবিন্দের' গানগুলি অপরিহার্য ও মর্মস্পর্শী। উক্তি-প্রত্যুক্তি গীতের আকারে পরিবেশিত। পাত্র-পাত্রী মাত্র তিনটি — সখী, কৃষ্ণ ও রাধা। সঙ্গীতগুলি এই কাব্যের অমূল্য সম্পদ।

'গীতগোবিন্দের' ভাষা বিচার করে প্রথমে লসেন ও পরে পিসেল সাহেব মন্তব্য করেছেন যে 'গীতগোবিন্দের' পদগুলির ভাষা, ছন্দ ও অন্ত্যানুপ্রাসের মধ্যে অপভ্রংশের স্পষ্ট প্রভাব উপলব্ধি করা যায়। 'গীতগোবিন্দের' ছন্দের মধ্যে যে অপভ্রংশের প্রভাব রয়েছে তা অস্বীকার করা যায় না।

(ক) নাভাজী দাস জয়দেব সম্পর্কে কি বলেছেন ? ২

(খ) 'গীতগোবিন্দ'-এর বিষয় কি? ১

(গ) কোন গ্রামে জয়দেব জন্মগ্রহণ করেন? ১

(ঘ) 'গীতগোবিন্দ' কাব্যে পাত্র-পাত্রীর সংখ্যা কত? ১

(ঙ) 'গীতগোবিন্দ'-এর ভাষা বিচার করে ভাষাতত্ত্ববিদরা কি বলেছেন ? ২

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা (note) রচনা কর : ৩

কর্মময় এ পৃথিবী। এখানে ঘুমিয়ে জীবন কাটাতে কেউ আসেনি। ঘুম ভেঙে সে যদি একবার বহির্বিশ্বের দিকে তাকাত তা হলে দেখতে পেত দিকে দিকে চলেছে কী বিপুল কর্মোচ্ছ্বাস, দিক দিগন্ত থেকে আসছে কত কর্মের আহ্বান। কর্মই মানুষের প্রকৃত পরিচয়। কর্মই হল ভাগ্যদেবীর পূজার বোধন মন্ত্র। কর্মের সেই মন্ত্রোচ্চারণের দ্বারা ভাগ্যদেবীর উদার প্রসন্নতা লাভ করা যায়। ঐকান্তিক সাধনারদ্বারা কর্মসংগ্রামে জয়লাভ করলে তবেই তো গলায় দুলিবে তার হাতের বিজয়মাল্য। অতএব আত্মশক্তিতে উদ্বুদ্ধ হয়ে আপন ভাগ্য রচনায় ব্রতী হতে হবে।



## Unit : 4 (Writing)

### 'ঘ' গুচ্ছ : (লিখন)

৩০। জল মানুষের জীবনের এক অপরিহার্য সম্পদ। অথচ এটির ব্যবহারে আমাদের কোন সতর্কতা না থাকায় নিজেদের বিপদ নিজেরাই ডেকে আনছি। জল ব্যবহারের সতর্কতার অনুরোধ জানিয়ে তোমার প্রতিবেশীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

**অথবা**

গান্ধীমেলা প্রাঙ্গনে ৯ থেকে ১২ ডিসেম্বর — এই চারদিন ডাকটিকিট সংগ্রহের একটি প্রদর্শনী অনুষ্ঠিত হবে। এই মর্মে সর্বসাধারণকে অবহিত করার লক্ষ্যে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি বিজ্ঞাপন রচনা কর —

৩১। সুন্দরীমোহন সেবা ভবনের উদ্যোগে গত ৪ নভেম্বর শ্রীকোণা গ্রামে একটি চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়েছে। নিম্নোক্ত তথ্যের সমাহারে এ সম্পর্কিত একটি প্রতিবেদন রচনা কর —

শিবির শুরু হওয়ার পূর্বে গ্রামবাসীদের অবগত করানো হয়। চিকিৎসা পেতে ইচ্ছুক ব্যক্তিদের নাম নথিভুক্ত করা হয়। শিবির শুরু হয় সকাল ৮টায়। উপস্থিত ছিলেন চারজন ডাক্তার ও ৮ জন চিকিৎসাকর্মী। ২০০ শত লোক চিকিৎসার সুযোগ পান, গ্রামবাসীরা কৃতজ্ঞতা জানান। ৩

**অথবা**

গতকাল এক বিধ্বংসী অগ্নিকাণ্ড ঘটেছে। নিম্নোক্ত তথ্য অনুযায়ী এই দুর্ঘটনার একটি বিবরণ দাও। অগ্নিকাণ্ডের স্থান—ক্ষয়ক্ষতির বিবরণ—সম্ভাব্য কারণ, প্রতিরোধের ব্যবস্থা, ভবিষ্যতের সতর্কতামূলক ব্যবস্থা ও সাহায্য।

৩২। নিয়মমত পুরকর দেওয়া সত্ত্বেও তোমার এলাকায় ঠিকমত জল সরবরাহ হয় না। এ বিষয়ে পৌর প্রতিনিধি অথবা পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষণ করে একটি চিঠি লেখ। (চিঠিতে নিজের নামের জায়গায় লিখবে — 'ক'।) ৮

৩৩। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) কর্মযোগী স্বামী বিবেকানন্দ

(খ) প্রযুক্তি বিদ্যা শিক্ষার প্রয়োজনীয়তা

(গ) মণিপুরের প্রাকৃতিক সৌন্দর্য

(ঘ) ছাত্রজীবনে সময়ের মূল্য

(ঙ) গ্রন্থাগারের প্রয়োজনীয়তা

## Unit : 5 (Functional Grammar)

## 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। দ্বন্দ্ব সমাস কাকে বলে? ১

৩৫। সমাসবদ্ধ পদকে অর্থাৎ বিভিন্ন পদ যখন একপদে পরিণত হয় তখন তাকে কি বলে? ১

৩৬। দশ আনন যার = দশানন — কোন সমাস? ১

৩৭। প্রত্যয় কয় প্রকার ও কি কি? ১

৩৮। ছুট + অনন্ত = ছুটন্ত — কোন প্রত্যয়? ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১+১+১=৩

শারিরীক, সরস্বতি, মুহুর্ত, বিদ্রুপ

৪০। কারক বিভক্তি নির্ণয় কর ঃ ১+১=২

নদীতে মাছ আছে।

দরিদ্রকে অর্থসাহায্য কর।